তৃতীয় অধ্যায়

সংখ্যা পদ্ধতি ও ডিজিটাল ডিভাইস

$(5252)_{10}$ কে হেক্সাডেসিমাল সংখ্যয় রুপান্তর কর ।

সমাধান :

16	5252	
16	328	- 4
16	20	- 8
16	1	- 4
	0	- 1

সুতারাং $(5252)_{10} = (1484)_{16}$

ডেসিমাল সংখ্যাকে হেক্সাডেসিমাল সংখ্যায় রুপান্তর করার নিয়ম : প্রথমে দশমিক সংখ্যাটিকে ১৬ দ্বারা ভাগ করতে হবে । ভাগ করে ভাগফল এবং ভাগশেষ আলাদা করতে হবে। ভাগফলটিকে আবার ১৬ দ্বারা ভাগ করতে হবে , ভাগ করে ভাগফল এবং ভাগশেষ আলাদা করতে হবে। এইভাবে যতক্ষণ পর্যন্ত ভাগফল শূন্য না হয় ততক্ষণ পর্যন্ত ভাগফলটিকে ১৬ দ্বারা ভাগ করতে হবে , ভাগ করে ভাগফল এবং ভাগশেষ আলাদা করতে হবে ।

$(4088)_{10} = (?)_{16}$, $(269)_{10} = (?)_{16}$

www.tutkeshab.com

Keshab Lal Nath,BCS Edn,Lecturer in math and Ict, Chowmuhani Govt. s. a. College
Phone – 01818397079, Email : ktulip71@gmal.com

$(1497.525)_{10}$ কে হেক্সাডেসিমাল সংখ্যয় রুপান্তর কর ।

সমাধান : প্রথম অংশ :

16	1497
16	93 - 9
16	5 - 13 (D)
	0 - 5

সুতারাং $(1497)_{10} = (5D9)_{16}$

দ্বিতীয় অংশ :

.525*16 = 8.40

.40 * 16 = 6.40

.40*16 = 6.40

.40*16 = 6.40

সুতারাং $(.525)_{10} = (.8666\ldots\ldots)_{16}$

সুতারাং $(1497.525)_{10} = (5D9.8666\ldots.)_{16}$

দশমিকযুক্ত ডেসিমাল সংখ্যাকে হেক্সাডেসিমাল সংখ্যায় রুপান্তর করার নিয়ম : প্রথমে দশমিকের আগের অংশকে ১৬ দ্বারা ভাগ করতে হবে । ভাগ করে ভাগফল এবং ভাগশেষ আলাদা করতে হবে। ভাগফলটিকে আবার ১৬ দ্বারা ভাগ করতে হবে , ভাগ করে ভাগফল এবং ভাগশেষ আলাদা করতে হবে। এইভাবে যতক্ষণ পর্যন্ত ভাগফল শূন্য না হয় ততক্ষণ পর্যন্ত ভাগফলটিকে ১৬ দ্বারা ভাগ করতে হবে , ভাগ করে ভাগফল এবং ভাগশেষ আলাদা করতে হবে ।

তারপর দশমিকের পরের অংশটিকে ১৬ দ্বারা গুণ করতে হবে । প্রাপ্ত গুণফলের দশমিকের পরের অংশকে আবার ১৬ দ্বারা গুণ করতে হবে ।এইভাবে যতক্ষণ পর্যন্ত দশমিকের পরে সব শূণ্য না আসে ততক্ষণ পর্যন্ত দশমিকের পরের অংশটিকে ১৬ দ্বারা গুণ করতে হবে । কিন্তু যদি এমন মনে হয় যে দশমিকের পরে সব শূণ্য আসবেনা তাহলে ৪ বার পর্যন্ত দশমিকের পরের অংশটিকে ১৬ দ্বারা গুণ করতে হবে ।

$(198.525)_{10} = (?)_{16}$, $(269.32)_{10} = (?)_{16}$

www.tulipkeshab.com

Keshab Lal Nath,BCS Edn,Lecturer in math and Ict, Chowmuhani Govt. s. a. College
Phone – 01818397079, Email : ktulip71@gmal.com